# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার।
www.lged.gov.bd

নজরুল বর্ষ

স্মারক নং: ৪৬.০২.৫৮৮০.০০১.০২.০১৩.২৫.৩৪১ — তারিখঃ ০৬/০৮/২০২৬ খ্রি.

## ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থ বছরের জন্য মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলা পরিষদের তালিকাভুক্ত ঠিকাদার নবায়ন এবং আগ্রহী নতুন ঠিকাদার তালিকাভুক্তির আবেদন নিম্নবর্ণিত সময়ের মধ্যে অত্র দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঙ) উপবিধিতে বর্ণিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত নতুন তালিকাভুক্তি ও নবায়ন ফি রাজনগর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হিসাব নং-৫৮১৫৬৩৪০০৩৭০৯৩ সোনালী ব্যাংক লিঃ, রাজনগর শাখায়, এবং জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ৬(৬) মূসক নীঃ ও বাঃ/২০১০/২৫৭, তারিখ: ১২শ্রাবন ১৪১৭বাং/২৭ জুলাই, ২০১০ খ্রি. এর ৪(ঙ) নং বিধি অনুযায়ী তালিকাভুক্তি ফি ও নবায়ন ফি'র ১৫% ভ্যাট বাবদ ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ রাজনগর শাখা (কোড নং-১-১১৩৩-০০১৮-০৩১১) এ অনলাইন চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের মূলকপিসহ তালিকাভুক্তি বহি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদান করে নবায়ন করতে হবে।

**নতুন তালিকাভুক্তিতে আগ্রহী প্রার্থীর জন্য শর্তাবলীঃ**

১) কর নিবন্ধন ( টিআইএন) নম্বর।
২) মূল্য সংযোজন কর নিবন্ধন সার্টিফিকেট।
৩) বর্তমান অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স কপি।
৪) স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে বাংলাদেশের নাগরিকত্ব সনদ।
৫) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ।
৬) গত ১০ (দশ) বছরের সম্পাদিত কাজের কার্য সমাপ্তির সনদ (বছর অনুযায়ী ক্রমানুসারে দিতে হবে) (যদি থাকে)
৭) আর্থিক সামর্থ্য-সম্পর্কিত যথোচিত ব্যাংক প্রতিবেদন (বিগত এক বছরে যেকোনো সময়ে স্থিতি ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা থাকতে হবে)।
৮) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
৯) ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনের বিষয়ে কোনো আদালত কর্তৃক বাধা নিষেধ আরোপ করা হয়নি মর্মে এফিডেভিট দাখিল করতে হবে।
১০) এনআইডি/স্মার্ট কার্ড।

নতুন তালিকাভুক্তিতে আগ্রহী ব্যক্তিগণ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো লাইসেন্স নবায়ন কিংবা নতুন তালিকাভুক্তির আবেদন গ্রহণ করা হবে না।

উল্লেখ্য যে, তালিকাভুক্ত ঠিকাদারগণ কেবলমাত্র রাজনগর উপজেলা পরিষদের আওতাধীন প্রকাশিত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। অন্য অঞ্চলের/সংস্থার তালিকাভুক্ত ঠিকাদারগণের এই পরিষদের তালিকাভুক্তি ছাড়া দরপত্রে অংশগ্রহণের সুযোগ নেই এবং তালিকাভুক্তি বহি ব্যতিত সীমিত দরপত্র পদ্ধতির আওতায় দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

| নবায়নের নির্ধারিত ফি (টাকা) | নতুন তালিকাভুক্তির ফি (টাকা) | নবায়নের ফি জমা প্রদানের শেষ তারিখ | | নতুন তালিকাভুক্তির ফরম সংগ্রহের শেষ তারিখ। | নতুন তালিকাভুক্তির ফরম জমা প্রদানের শেষ তারিখ। |
|---|---|---|---|---|---|
| | | জরিমানা ব্যতিত নবায়ন ফি জমা | জরিমানা সহ নবায়ন ফি জমা ( প্রতিমাসে ১০০০ টাকা হারে) | | |
| পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঙ) অনুযায়ী ফি ২০০০ (দুই হাজার টাকা) ও নারী স্বত্ত্বাধিকারী হলে ১৫০০ (এক হাজার পাঁচশত টাকা) | পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঙ) অনুযায়ী ফি ৫০০০ (পাঁচ হাজার টাকা), একক মালিকাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে ৩০০০ (তিন হাজার টাকা)। | ৩০/০৯/২০২৬ খ্রি. | নির্ধারিত সময় সীমার পরবর্তী প্রতিমাস বা তার অংশ বিশেষ বিলম্বের জন্য ১০০০ (এক হাজার) টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে লাইসেন্স নবায়ন করা যাবে। | ১০/১০/২০২৬ খ্রি. | ৩০/১০/২০২৬ খ্রি. |

e- GP Tender কার্যক্রমে অংশ গ্রহণের জন্য আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠান'কে e-GP-তে Tender রেজিস্ট্রেশন করার জন্য বলা হলো। অন্যথায় চলতি অর্থ বৎসরে e-GP Tender কার্যক্রমে অংশ গ্রহণ করতে পারবে না।

(মোঃ আব্দুল গনী)
উপজেলা প্রকৌশলী
রাজনগর, মৌলভীবাজার
ই-মেইল: ue.rajnagar@lged.gov.bd

স্মারক নং: ৪৬.০২.৫৮৮০.০০১.০২.০১৩.২৫.৩৪১(১৩) — তারিখঃ ০৬/০৮/২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ মৌলভীবাজার।

**সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। প্রশাসক, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
২। উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, মৌলভীবাজার।
৩। উপজেলা ................................................. অফিসার, রাজনগর, মৌলভীবাজার।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজনগর থানা, রাজনগর, মৌলভীবাজার।
৫। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ ................................, জেলাঃ মৌলভীবাজার।
৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদঃ......................................., রাজনগর, মৌলভীবাজার।
৭। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক শ্যামল সিলেট, সিলেট। উক্ত বিজ্ঞাপনটি তাহার পত্রিকায় ক্ষুদ্র টাইপে ও স্বল্প পরিসরে আগামী ০৮/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে (এক) দিনের জন্য প্রকাশের এবং ০৩(তিন) কপি পেপার কাটিংসহ বিল অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। ঠিকাদার/জনাব ...................................................................... ।
৯। নোটিশ বোর্ড।
১০। অফিস নথি।

(মোঃ আব্দুল গনী)
উপজেলা প্রকৌশলী
রাজনগর, মৌলভীবাজার
ই-মেইল: ue.rajnagar@lged.gov.bd